



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি/৮০৯(ক-৩)/২০০৫/৭৩৬/৬

তারিখ: ২১/০৬/২০২১ খ্রি:

বিষয়ঃ বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন চান্দখালী মোশারফ হোসেন ডিগ্রি কলেজের আইসিটি বিষয়ের প্রদর্শকের নামের বানান, জন্ম তারিখ ও ব্যাংক হিসাব নম্বর সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন চান্দখালী মোশারফ হোসেন কলেজের নিম্ন বর্ণিত প্রদর্শক-এর নামের বানান, জন্ম তারিখ ও ব্যাংক হিসাব নম্বর সংশোধনের জন্য আবেদন করেছেন।

| ক্রমিক নং | শিক্ষকের নাম, পদবি, ইনডেক্স ও প্রতিষ্ঠানের নাম | এমপিওতে নাম/জন্মতারিখ/ব্যাংক হিসাব | দাবীকৃত নাম/জন্ম তারিখ/ব্যাংক হিসাব সনদ ও ব্যাংক প্রত্যয়ন অনুযায়ী | মন্তব্য |
|--------------|---|--|---|---------|
| ১. | জনাব মানছুরা আকতার প্রদর্শক (আইসিটি) ইনডেক্স নম্বর- ৩০০৮৬০৯ | MONSHUR AKTER ০১/০১/১৯৭৭ T-২৫৭৩ | MANSURA AKTER ০১/০৭/১৯৭৭ T-২৬০৫ | |

তদন্ত কমিটির প্রতিবেদন এবং নথি যাচাইপূর্বক দেখা যায় যে, জনাব মানছুরা আকতার ১৫/০৬/২০০২ তারিখে প্রদর্শক (কম্পিউটার) পদে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুসারে প্রদর্শক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) একটি বৃদ্ধি প্রাপ্ত পদ। এই পদে নিয়োগ কার্যক্রম-এর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১..২০১৭ (অংশ-১).১৪৭; তারিখ: ৩০/০৫/২০১৯ মোতাবেক ২০১৮-২০১৯ অর্থ বছরে নিয়োগের জন্য নির্দেশনা রয়েছে। কিন্তু জনাব মানছুরা আকতার জনবল কাঠামোর প্যাটার্ন বহির্ভূত পদে ১৫/০৬/২০০২ তারিখে প্রদর্শক (কম্পিউটার) পদে কিভাবে নিয়োগপ্রাপ্ত ও এমপিওভুক্ত হয়েছেন সে বিষয়ে মতামত প্রয়োজন।

এমতাবস্থায়, বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন বর্ণিত প্রতিষ্ঠানের জনাব মানছুরা আকতারের প্যাটার্ন বহির্ভূত পদে নিয়োগ ও এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AKTER ২১. 6. 21

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল : ncollege@dshe.gov.bd

সভাপতি

পরিচালনা পরিষদ

চান্দখালী মোশারফ হোসেন কলেজ

বেতাগী, বরগুনা।

অনুলিপিঃ

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;

২। জেলা শিক্ষা অফিসার, বরগুনা;

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বেতাগী, বরগুনা।

৪। অধ্যক্ষ, চান্দখালী মোশারফ হোসেন কলেজ, বেতাগী, বরগুনা;

৫। জনাব মানছুরা আকতার, প্রদর্শক (আইসিটি), চান্দখালী মোশারফ হোসেন কলেজ, বেতাগী, বরগুনা;

৬। সংরক্ষণ কপি।